২৭/১০/২০০৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# এনএইউর ব্যাচেলর ডিগ্রী এখন বাংলাদেশে বসেই নেয়া যাবে

**স্টাফ রিপোর্টার ॥** ন্যাশনাল আমেরিকান ইউনিভার্সিটির (এনএইউ) ব্যাচেলর ডিগ্রী এখন বাংলাদেশে বসে নেয়া যাবে। বাংলাদেশে ভর্তি হওয়া এনএইউর শিক্ষার্থীরা দু'বছর পর যুক্তরাষ্ট্রসহ পৃথিবীর বিভিন্ন দেশের আবাসিক ক্যাম্পাসে ক্রেডিট ট্রান্সফার করতে পারবে। এনএইউ এসব শিক্ষার্থীর জন্য আমেরিকান স্টুডেন্ট ভিসা সরাসরি ইস্যু করবে। শনিবার এনএইউর ব্যাচেলর ডিগ্রী প্রোগ্রাম বাংলাদেশে প্রবর্তন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এই তথ্য জানানো হয়। আইডিবি ভবনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনএইউর চীফ একাডেমিক এ্যাডভাইজার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড. মনিরুজ্জামান মিয়া। এনএইউর বিভিন্ন দিক তুলে ধরেন প্রোগ্রাম কোঅর্ডিনেটর আসিফ হোসাইন।

এনএইউ হচ্ছে একটি প্রচলিত ধারার বিশ্ববিদ্যালয়। যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে এর ১২টি ক্যাম্পাস রয়েছে। যুক্তরাষ্ট্রের বাইরে রয়েছে সিঙ্গাপুর, ভারত, সংযুক্ত আরব আমিরাত, ফিলিপিন্স, চীন ও সাইপ্রাসে। বাংলাদেশে বিবিএ ও কম্পিউটার সাইন্সের চার বছরের ব্যাচেলর ডিগ্রী নেয়া যাবে।

অনুষ্ঠানে জানানো হয়, এনএইউ হবে প্রথম ও একমাত্র বিশ্ববিদ্যালয় যারা এ দেশে একটি সম্পূর্ণ এবং সত্যিকারভাবে অনুমোদনপ্রাপ্ত চার বছরমেয়াদী আমেরিকান ব্যাচেলর ডিগ্রী প্রোগ্রাম পরিচালনা করতে যাচ্ছে। এখন থেকে ডিগ্রী নেয়া শিক্ষার্থীরা সহজেই আমেরিকান 'জব মার্কেট'-এ ঢুকতে পারবে। এমনকি কেউ যদি ৪ বছরের ব্যাচেলর ডিগ্রী না নিয়ে ২ বছরের এ্যাসোসিয়েট ডিগ্রী লাভ করেন তাঁর জন্যও আমেরিকার জব মার্কেট খোলা থাকবে।

আগ্রহী শিক্ষার্থীদের যোগাযোগের ঠিকানা : এনএইউ এফিলিয়েটেড, পাঠ কেন্দ্র, সুবাস্তু টাওয়ার, ৬৯/১ পান্থপথ, ফোন : ৮৬১০০৭৫।